গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সংস্থাপন শাখা

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. উর্মি বিনতে সালাম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৬ মে ২০২৪ |
| সভার সময় | বিকাল ০৩.৩৫ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসক এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন, সচেতনতা বৃদ্ধি, শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান, ই-গভর্নেন্স ও সেবার মান উন্নীতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা, জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ এর উপর তিনি গুরুত্বারোপ করেন। তাছাড়া, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান করাসহ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচনার বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা</th></tr>
<tr><td>০১</td><td>গত সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<table><tr><th>সভার তারিখ</th><th>গৃহীত সিদ্ধান্তের সংখ্যা</th><th>গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার</th></tr><tr><td>২৮.০১.২৪</td><td>০৬</td><td>০৬</td><td>১০০%</td></tr></table></td><td>১.১ বিগত সভায় গৃহীত ০৬ টি সিদ্ধান্তের মধ্যে ০৬ টি সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td rowspan="3">অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মৌলভীবাজার। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, মৌলভীবাজার।</td></tr>
<tr><td>০২</td><td>নৈতিকতা কমিটির সভা :<br>নির্দেশনা অনুযায়ী এবং বিগত সভাগুলোর মত জেলা নৈতিকতা কমিটির সভা প্রতি ত্রৈমাসিকের ১ম মাসেই আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। পাশাপাশি, সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিতকরণে তদারকি করার ব্যাপারেও গুরুত্বারোপ করা হয়।</td><td>২.১ নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে প্রতি ত্রৈমাসিকের ১ম মাসে আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।</td></tr>
<tr><td>০৩</td><td>জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ ও অনুমোদন প্রদান :<br>এ কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক এর অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ের ২৭.০৩.২০২৪ খ্রিষ্টাব্দের ২৬৫ নম্বর স্মারকে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ ও ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে। প্রেরিত ৩য় ত্রৈমাসিকের প্রতিবেদন পর্যালোচনাপূর্বক সভায় অনুমোদন প্রদান করা হয়।</td><td>৩.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ এবং ওয়েবপোর্টালে আপলোডের ধারা অব্যাহত রাখতে হবে।<br>৩.২ বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরিত এ কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের অনুমোদন প্রদান করা হলো।</td></tr>
<tr><td>০৪</td><td>যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি:<br>অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে কর্মক্ষেত্রে আবশ্যিকভাবে উপস্থিত হওয়া এবং অফিসের সংরক্ষিত সংশ্লিষ্ট হাজিরা খাতায় নিয়মিত স্বাক্ষর প্রদান করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>৪.১ অফিসে সংরক্ষিত সংশ্লিষ্ট হাজিরা খাতা নিয়মিত মনিটরিং এর মাধ্যমে সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত অব্যাহত রাখতে হবে।</td><td>উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি), বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।</td></tr>
<tr><td>০৫</td><td>দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন :<br>২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে চলমান ত্রৈমাসিকে ইতঃমধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ০১টি সভা বিগত ২১.০৪.২০২৪ খ্রিষ্টাব্দে আয়োজিত হয়েছে মর্মে জানাননো হয়। এ ধারা অব্যাহত রাখাসহ কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়।</td><td>৫.১ ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মকর্তা/ কর্মচারীদের অংশগ্রহণে বিভিন্ন প্রশিক্ষণ এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সভা আয়োজন নিশ্চিত করতে হবে।</td><td>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মৌলভীবাজার। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।</td></tr>
<tr><td>০৬</td><td>সেবা প্রদানের ক্ষেত্রে শুদ্ধাচার :<br>২০২৩-২৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর সূচক ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত গ্রহণ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়। মতামত নির্ধারিত ছকের আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>৬.১) ২০২৩-২৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর সূচক ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ নিশ্চিতকরণে আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।</td><td>সহকারী কমিশনার, ফ্রন্টডেস্ক/ রেকর্ডরুম/গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।</td></tr>
</table>

অত:পর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. উর্মি বিনতে সালাম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০৬.৩৯.০০১.২৩.৪২২

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩১
০৫ জুন ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট

৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
৬) অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), মৌলভীবাজার
৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার
৮) সহকারী কমিশনার (ভূমি) মৌলভীবাজার সকল
৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
১০) সহকারী কমিশনার (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১) প্রশাসনিক কর্মকর্তা (সকল), মৌলভীবাজার

ড. উর্মি বিনতে সালাম
জেলা প্রশাসক